সংবাদ

তারিখ 13 NOV 2016
পৃষ্ঠা ... কলাম ...

# রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা আজ শুরু

প্রতিনিধি, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষের ভর্তি পরীক্ষা আজ সকাল ৯টায় 'এ' ইউনিটের প্রথম শিফটের পরীক্ষার মধ্য দিয়ে শুরু হবে। ইউনিট ভিত্তিক এবারের ভর্তি পরীক্ষা চলবে আগামী ১৭ নভেম্বর পর্যন্ত। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ কর্মকর্তা মোহাম্মদ আলী বলেন, রোববার কলা অনুষদভুক্ত 'এ' ইউনিটের পরীক্ষা মোট চার শিফটে সকাল ৯টায়, বেলা সাড়ে ১১টায়, দুপুর ২টায় এবং বিকেল ৪টায় অনুষ্ঠিত হবে। তিনি আরও জানান, সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'বি' ইউনিটের পরীক্ষা মোট চার শিফটে আগামী ১৪ নভেম্বর সকাল ৯টায়, বেলা সাড়ে ১১টায়, দুপুর ২টায় এবং বিকেল ৪টায়, বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত 'সি' ইউনিটের পরীক্ষা মোট দুই শিফটে আগামী ১৫ নভেম্বর সকাল ৯টায় এবং বেলা সাড়ে ১১টায় অনুষ্ঠিত হবে, বিজ্ঞান অনুষদভুক্ত 'ডি' ইউনিটের পরীক্ষা মোট তিন শিফটে আগামী ১৬ নভেম্বর সকাল ৯টায়, বেলা সাড়ে ১১টায় এবং দুপুর ২টায় অনুষ্ঠিত হবে, প্রকৌশল ও প্রযুক্তি অনুষদভুক্ত 'ই' ইউনিটের পরীক্ষা মোট দুই শিফটে আগামী ১৭ নভেম্বর সকাল ৯টায় এবং বেলা সাড়ে ১১টায় অনুষ্ঠিত হবে। সর্বশেষ আগামী ১৭ নভেম্বর দুপুর ২টায় এবং বিকাল ৪টায় জীব ও ভূ-বিজ্ঞান অনুষদভুক্ত 'এফ' ইউনিটের পরীক্ষা মোট দুই শিফটে অনুষ্ঠিত হওয়ার মধ্য দিয়ে চলতি বছরের ভর্তি পরীক্ষা শেষ হবে। এবছর ৬টি অনুষদভুক্ত ২১টি বিভাগের অধীনে ১২৩০ আসনের বিপরীতে ৬১ হাজার ৫৭৭ জন ভর্তিচ্ছু পরীক্ষা দিতে আবেদন করেছে। প্রতি আসনের বিপরীতে লড়বে ৫০ জন পরীক্ষার্থী। এদিকে গত দুই বছরের পরীক্ষায় রেকর্ডসংখ্যক জালিয়াতি ও অনিয়মের তিক্ত অভিজ্ঞতায় এবছরেও ক্যাম্পাসে ব্যাপক আইনশৃঙ্খলা বাহিনী মোতায়েনের পাশাপাশি ভ্রাম্যমাণ আদালত নিযুক্ত থাকবে। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও কেন্দ্রীয় ভর্তি কমিটির প্রধান প্রফেসর ড. একেএম নূর-উন-নবী সংবাদ'কে বলেন, অনিয়ম ও জালিয়াতি রোধে এবছরেও ক্যাম্পাসে ভ্রাম্যমাণ আদালত কাজ করবে।